রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ১৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৫, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৩১—২৩৬ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩০৭—৩২২ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮৫—৩০০ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৪.১৯-২২**—যেহেতু, বেগম হাসিনা আক্তার পারভীন, উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), ধর্মপাশা, সুনামগঞ্জ [প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), হরিরামপুর, মানিকগঞ্জ]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন। তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক ০২ (দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর আপিল আবেদন করেন এবং আপিল আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় মাননীয় প্রধানমন্ত্রী তার আপিল আবেদন মঞ্জুর করেন;

সেহেতু, বেগম হাসিনা আক্তার পারভীন, উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), ধর্মপাশা, সুনামগঞ্জ [প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চঃদাঃ), হরিরামপুর, মানিকগঞ্জ]-এর বিভাগীয় মামলায় প্রদত্ত দণ্ডের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আপিল মঞ্জুর হওয়ায় তাকে দণ্ডের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গোলাম মোঃ হাসিবুল আলম**

সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**তথ্য মন্ত্রণালয়**

**চলচ্চিত্র-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **১৫.০০.০০০০.০৪১.৩১.০৩০.১৪.৩৬**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমান সমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্যাকেজ প্রস্তাবসমূহ পরীক্ষা করে সিদ্ধান্ত প্রদানের জন্য নিম্নরূপভাবে **'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'** গঠন করা হলো :

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩. বেগম সুবর্ণা মুস্তাফা, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৪ (৩০৪) ও বিশিষ্ট অভিনেত্রী

৪. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা

৬. বেগম সারাহ্ বেগম কবরী, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী

৭. ড. শফিউল আলম ভূঁইয়া, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৮. ড. মতিন রহমান, সহযোগী অধ্যাপক, ফিল্ম এন্ড মিডিয়া বিভাগ, স্টামফোর্ড বিশ্ববিদ্যালয় ও বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা

৯. জনাব তানভীর মোকাম্মেল, চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক

১০. বেগম রওশন আরা রোজিনা, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী

**সদস্য-সচিব**

১১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

০২। <u>**কমিটির কার্যপরিধি :**</u>

(ক) ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত 'চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি' এর সুপারিশ পর্যালোচনা;

(খ) বাছাই কমিটির সুপারিশ পর্যালোচনান্তে সরকার কর্তৃক প্রণীত 'উন্নতমানের পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২০ (সংশোধিত)'-এর আলোকে অনুদান প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ;

(গ) নীতিমালার আলোকে ইতঃপূর্বে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রসহ ২০২০-২১ অর্থবছরে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের চূড়ান্ত কিস্তি ছাড়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(ঘ) কমিটিতে অন্তর্ভুক্ত কোনো সদস্য ২০২০-২১ সালে সরকারি অনুদান প্রাপ্তির জন্য পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের স্ক্রিপ্ট জমা প্রদান করে থাকলে তিনি অনুদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না; এবং

(ঙ) পরবর্তী কমিটি গঠন করার পূর্ব পর্যন্ত এ কমিটির কার্যক্রম বলবৎ থাকবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৫.০০.০০০০.০৪১.৩১.০৩০.১৪.৩৭**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমান সমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্যাকেজ প্রস্তাবসমূহ পরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে **'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি'** গঠন করা হলো :

**সভাপতি**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. যুগ্ম-সচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

৩. মিজ্ রিফফাত ফেরদৌস, সহকারী অধ্যাপক, টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৪. জনাব অনুপম হায়াৎ, চলচ্চিত্র সাংবাদিক ও গবেষক

৫. বেগম ফাল্গুনী হামিদ, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতি ও বিশিষ্ট অভিনেত্রী

৬. জনাব চিন্ময় মুৎসুদ্দি, চলচ্চিত্র সাংবাদিক ও গবেষক

**সদস্য-সচিব**

৭. উপসচিব (চলচ্চিত্র-২), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

০২। <u>**কমিটির কার্যপরিধি :**</u>

(ক) ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের জন্য সরকার কর্তৃক প্রণীত 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২০' (সংশোধিত)-এর ভিত্তিতে প্রাপ্ত প্রস্তাবসমূহ বাছাই করণ;

(খ) প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করে গুণগতমানের ভিত্তিতে অনুদান প্রদানের নিমিত্ত প্রতিটির জন্য পৃথক পৃথক মন্তব্যসহ সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে চিত্রনাট্যের মূলকপিসহ একটি প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ের সচিব বরাবর জমা প্রদান করবে;

(গ) কমিটি প্রথম সভা অনুষ্ঠানের তারিখ থেকে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে মন্ত্রণালয়ে সুপারিশ দাখিল করবে;

(ঘ) বাছাই কমিটিতে অন্তর্ভুক্ত কোনো সদস্য ২০২০-২১ সালে সরকারি অনুদান প্রাপ্তির জন্য পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের স্ক্রিপ্ট জমা প্রদান করে থাকলে তিনি অনুদানের জন্য চলচ্চিত্র বাছাই কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না; এবং

(ঙ) সদস্য-সচিব কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৫.০০.০০০০.০৪১.৩১.০৩০.১৪.৩৮**—২০২০-২১ অর্থবছরে মানসম্পন্ন পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের লক্ষ্যে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুদান কমিটির কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদানকল্পে সরকার নিম্নরূপভাবে **'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান উপ-কমিটি'** গঠন করলেন :

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. যুগ্ম-সচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়

৩. ড. শফিউল আলম ভূঁইয়া, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

৪. বেগম ওয়াহিদা মল্লিক জলি, সহযোগী অধ্যাপক, থিয়েটার ও পারফরমেন্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বিশিষ্ট অভিনেত্রী

৫. জনাব গাজী রাকায়েত, চলচ্চিত্র অভিনেতা ও নির্মাতা

৬. জনাব মানজারে হাসিন মুরাদ, চলচ্চিত্র পরিচালক ও শিক্ষক, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)

**সদস্য-সচিব**

৭. উপসচিব (চলচ্চিত্র-২), তথ্য মন্ত্রণালয়

০২। **কমিটির কার্যপরিধি :**

(ক) পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটির সভাপতির অনুমোদন/নির্দেশক্রমে উপ-কমিটির কার্যক্রম ও দায়িত্ব পরিচালনা;

(খ) সরকারি অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণকালে রাশ প্রিন্ট দেখে নির্মাণাধীন চলচ্চিত্রের মান নিরূপণ এবং অনুদানের অর্থের কিস্তি ছাড়করণের বিষয়ে সুপারিশ প্রদান;

(গ) নীতিমালার আলোকে ইতঃপূর্বে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রসহ ২০২০-২১ অর্থবছরে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের ২য় কিস্তির অর্থ ছাড়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(ঘ) পরবর্তী কমিটি গঠন করার পূর্ব পর্যন্ত এ কমিটির কার্যক্রম বলবৎ থাকবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৫.০০.০০০০.০৪১.৩১.০৩০.১৪.৩৯**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমান সমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্যাকেজ প্রস্তাবসমূহ পরীক্ষা করে সিদ্ধান্ত প্রদানের জন্য নিম্নরূপভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'** গঠন করা হলো :

**সভাপতি**

০১. মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

০২. মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা

০৫. অধ্যাপক মঈনুদ্দিন খালেদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব ও শিক্ষক

০৬. জনাব আহমেদ ইকবাল হায়দার, চলচ্চিত্র ব্যক্তিত্ব ও বিশ্ববিদ্যালয়ের খণ্ডকালীন শিক্ষক

০৭. জনাব মসিহউদ্দিন শাকের, চলচ্চিত্র পরিচালক

০৮. জনাব অমিতাভ রেজা, চলচ্চিত্র নির্মাতা

**সদস্য-সচিব**

০৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

০২। **কমিটির কার্যপরিধি :**

(ক) ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি' এর সুপারিশ পর্যালোচনাকরণ;

(খ) বাছাই কমিটির সুপারিশ পর্যালোচনান্তে সরকার কর্তৃক প্রণীত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২০' (সংশোধিত) -এর আলোকে অনুদান প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ;

(গ) নীতিমালার আলোকে ইতঃপূর্বে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রসহ ২০২০-২১ অর্থবছরে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের চূড়ান্ত কিস্তি ছাড়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(ঘ) কমিটিতে অন্তর্ভুক্ত কোনো সদস্য ২০২০-২১ সালে সরকারি অনুদান প্রাপ্তির জন্য স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্ক্রিপ্ট জমা প্রদান করে থাকলে তিনি অনুদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না; এবং

(ঙ) পরবর্তী কমিটি গঠন করার পূর্ব পর্যন্ত এ কমিটির কার্যক্রম বলবৎ থাকবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৫.০০.০০০০.০৪১.৩১.০৩০.১৪.৪০**—২০২০-২১ অর্থবছরে মানসম্পন্ন স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের লক্ষ্যে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুদান কমিটির কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদানকল্পে সরকার নিম্নরূপভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান উপ-কমিটি'** গঠন করলেন :

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২. যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

৩. জনাব পংকজ পালিত, চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক

৪. জনাব সোহেল হায়দার চৌধুরী, সাবেক সদস্য, বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতি ও সদস্য, বাংলাদেশ শর্টফিল্ম ফোরাম এবং বার্তা সম্পাদক, দৈনিক যায় যায় দিন

৫. মিজ্ শামীম আক্তার, চলচ্চিত্র নির্মাতা

৬. জনাব সাজ্জাদ জহির, চলচ্চিত্র নির্মাতা ও শিক্ষক, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)

**সদস্য-সচিব**

৭. উপসচিব (চলচ্চিত্র-২), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

০২। **কমিটির কার্যপরিধি :**

(ক) স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটির সভাপতির অনুমোদন/নিদের্শক্রমে উপ-কমিটির কার্যক্রম ও দায়িত্ব পরিচালনা;

(খ) সরকারি অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণকালে রাশ প্রিন্ট দেখে নির্মাণাধীন চলচ্চিত্রের মান নিরূপণ এবং অনুদানের ২য় কিস্তির অর্থ ছাড়করণের বিষয়ে সুপারিশ প্রদান; এবং

(গ) নীতিমালার আলোকে ইতঃপূর্বে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রসহ ২০২০-২১ অর্থবছরে অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের ২য় কিস্তির অর্থ ছাড়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

(ঘ) পরবর্তী কমিটি গঠন করার পূর্ব পর্যন্ত এ কমিটির কার্যক্রম বলবৎ থাকবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৫.০০.০০০০.০৪১.৩১.০৩০.১৪.৪১**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমান সমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্যাকেজ প্রস্তাবসমূহ পরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি'** গঠন করা হলো :

**সভাপতি**

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

০২. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা

০৩. যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

০৪. মিজ হাবিবা রহমান, চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অফ টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফী, ঢাকা বিশ্ববিদ্যালয়

০৫. জনাব এস এ হক অলিক, চলচ্চিত্র পরিচালক

০৬. জনাব শহীদুল হক খান, চলচ্চিত্র লেখক, পরিচালক ও গীতিকার

**সদস্য-সচিব**

০৭. উপসচিব (চলচ্চিত্র-২), তথ্য মন্ত্রণালয়, ঢাকা

০২। **কমিটির কার্যপরিধি :**

(ক) ২০২০-২১ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের জন্য সরকার কর্তৃক প্রণীত 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২০' (সংশোধিত)-এর ভিত্তিতে কমিটি প্রাপ্ত প্রস্তাবসমূহ বাছাই করবে;

(খ) প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করে গুণগতমানের ভিত্তিতে অনুদান প্রদানের নিমিত্ত প্রতিটির জন্য পৃথক পৃথক মন্তব্যসহ সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে চিত্রনাট্যের মূলকপিসহ একটি প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ের সচিব বরাবর দাখিল করবে;

(গ) কমিটি প্রথম সভা অনুষ্ঠানের তারিখ থেকে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সরকারের নিকট সুপারিশ প্রদান করবে;

(ঘ) বাছাই কমিটিতে অন্তর্ভুক্ত কোনো সদস্য ২০২০-২১ সালে সরকারি অনুদান প্রাপ্তির জন্য স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্ক্রিপ্ট জমা প্রদান করে থাকলে তিনি অনুদানের জন্য চলচ্চিত্র বাছাই কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না; এবং

(ঙ) সদস্য-সচিব কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।